

# নিয়োগ বিজ্ঞপ্তি

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা। এই সংস্থায় নিম্নবর্ণিত পদসমূহে লোক নিয়োগকল্পে সং ও যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র: নং (১)	পদের নাম (২)	শিক্ষাগতযোগ্যতা ও বয়স (৩)	অভিজ্ঞতা (৪)
০১	ম্যানেজার, প্রোগ্রাম আঞ্চলিক কার্যালয়	অর্থনীতি/কৃষি/ব্যবসা প্রশাসন/লোক-প্রশাসন/রাষ্ট্রবিজ্ঞান/সমাজ বিজ্ঞান বা অন্য যেকোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। অথবা বি.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। বয়স: সর্বোচ্চ ৪৮ বছর।	সরকারি/স্বায়ত্তশাসিত/দারিদ্র দূরীকরণ কর্মসূচি/দাতা সংস্থার অর্থায়নে পরিচালিত প্রতিষ্ঠানে উন্নয়ন কর্মসূচিতে কাজ করার ১০ বছরের অভিজ্ঞতা। তন্মধ্যে, অঞ্চল/জেলা পর্যায়ে তত্ত্বাবধায়ক হিসেবে কমপক্ষে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
০২	ম্যানেজার, প্রকিউরমেন্ট প্রধান কার্যালয়	স্নাতকোত্তর / বি.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। বয়স: সর্বোচ্চ ৪৮ বছর।	সরকারি/স্বায়ত্তশাসিত/দারিদ্র দূরীকরণ কর্মসূচি/দাতা সংস্থার অর্থায়নে পরিচালিত প্রতিষ্ঠানে প্রকিউরমেন্ট বিভাগে ন্যূনতম ০৭ বছর চাকরির বাস্তব অভিজ্ঞতা। পিপিআর-২০০৮ এবং ওয়ার্ল্ড ব্যাংক-এর প্রকিউরমেন্ট গাইডলাইনের উপর অভিজ্ঞতা থাকা আবশ্যিক।
০৩	উপ-ব্যবস্থাপক/সহকারী ব্যবস্থাপক, ইনফরমেশন এডুকেশন অ্যান্ড কমিউনিকেশন প্রধান কার্যালয়	ইনফরমেশন এবং কমিউনিকেশন, জার্নালিজম, ইংরেজি বা সংশ্লিষ্ট কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। বয়স: সর্বোচ্চ ৪২ বছর।	উপ-ব্যবস্থাপক পদের জন্য ন্যূনতম ০৭ বছরের এবং সহকারী ব্যবস্থাপক পদের জন্য ন্যূনতম ০৫ বছরের চাকরির অভিজ্ঞতা।
০৪	জুনিয়র অফিসার (হিসাব) প্রধান কার্যালয়	এম.কম/এমবিএ (এক্যাকাউন্টিং/ফিন্যান্স) ডিগ্রী। বয়স: সর্বোচ্চ ৩৫ বছর।	সরকারি/স্বায়ত্তশাসিত/দারিদ্র দূরীকরণ কর্মসূচি/দাতা সংস্থার অর্থায়নে পরিচালিত প্রতিষ্ঠানের হিসাব বিভাগে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবেন।
০৫	ক্লাস্টার ফ্যাসিলিটের, টেকনিক্যাল ক্লাস্টার কার্যালয়	সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা ডিগ্রী। বয়স: সর্বোচ্চ ৪০ বছর।	সিভিল ইঞ্জিনিয়ারিং এবং অবকাঠামোগত উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নে কমপক্ষে ০৩ বছরের চাকরির অভিজ্ঞতা।
০৬	অফিস এটেনডেন্ট	ন্যূনতম এস.এস.সি পাস। বয়স: সর্বোচ্চ ৩০ বছর।	অফিস এটেনডেন্ট পদে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবেন।

## অন্যান্য শর্তাবলী :

- আবেদনকারীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, জন্ম তারিখ, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, পদের নাম, অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (CV)-সহ সকল সার্টিফিকেটের অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও দুই কপি পাসপোর্ট সাইজের ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে। প্রতিটি পদের TOR সহ বিস্তারিত তথ্য জানার জন্য [www.sdfbd.org](http://www.sdfbd.org) -এই web-site টি visit করুন।
- খামের উপরে আবেদনকৃত পদের নাম উল্লেখ করে আত্রহী প্রার্থীকে আগামী ১০/০৬/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), জেড হাউজ, ৬/৬, ব্লক-এফ, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ বরাবরে জমা দিতে হবে।
- বিলম্বে প্রাপ্ত বা অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- এসডিএফ-এ কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারির আবেদন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রেরণ করতে হবে।
- বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ম্যানেজার, প্রোগ্রাম পদের জন্য বয়সসীমা সর্বোচ্চ ৫০ বছর পর্যন্ত বিবেচনা করা যেতে পারে।
- উল্লিখিত পদসমূহের জন্য এসডিএফ এর প্রচলিত বেতন ভাতা বিবেচ্য হবে।
- প্রাথমিক বাছাই-এর পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।  
এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা পরীক্ষা গ্রহণ করতে বাধ্য থাকবেন না।

## (এ.জেড.এম. সাখাওয়াত হোসেন)

ব্যবস্থাপনা পরিচালক

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

‘জেড’ হাউজ, ৬/৬, ব্লক-এফ, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা. ১২০৭।